দৈনিক বাংলা

তারিখ 30 NOV 1993
পৃষ্ঠা ৫ কলাম ৪

75

# বিশ্ববিদ্যালয় কলেজসমূহে পঠিতব্য বিষয়

দেশের বেশ কিছুসংখ্যক সুপ্রতিষ্ঠিত ও বিশ্ববিদ্যালয় কলেজে বিভিন্ন বিষয়ে সম্মান ও স্নাতকোত্তর কোর্স চালু রয়েছে। দেশের ক্রম বর্ধমান জনসংখ্যার অনুপাতে বিশ্ববিদ্যালয়ের সংখ্যা খুব কম থাকায় এবং মফঃস্বল গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীদের পক্ষে বিশ্ববিদ্যালয়ে পড়াশোনার সুযোগ নেয়া অনেক সময় সহজ না হওয়ায় কলেজে এ সব কোর্স প্রবর্তন নিঃসন্দেহে উচ্চ শিক্ষা বিস্তারের সহায়ক। কিন্তু কলেজ পর্যায়ে এ সব কোর্স চালুর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বিভাগের কোন সুষম ও সুনির্দিষ্ট নীতি না থাকায় বিক্ষিপ্তভাবে স্থানীয় কলেজ কর্তৃপক্ষের খেয়াল খুশীমতো এ ধরনের উচ্চতর কোর্স চালু করা হচ্ছে। এর ফলে বিভিন্ন বিষয়ের মধ্যে অবাঞ্ছিত বৈষম্য প্রকট হয়ে উঠেছে। উদাহরণস্বরূপ, বহু কলেজে বাংলা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান প্রভৃতি বিষয়ে এ ধরনের কোর্স চালু থাকলেও ইসলামের ইতিহাস, দর্শন, সমাজবিজ্ঞান ও ভূগোলের মতো অন্যান্য গুরুত্ব বিষয়ে সম্মান বা স্নাতকোত্তর কোর্স পড়ানোর সুযোগ নেই বললেই চলে। সরকারী কলেজে উচ্চতর পদ বিশেষতঃ অধ্যাপকের পদ সম্মান বা মাষ্টার কোর্সের সঙ্গে যুক্ত থাকায় এ সব কোর্সে শিক্ষাদানরত শিক্ষকগণ প্রায় একচেটিয়াভাবে অধ্যাপক পদে প্রমোশনের সুযোগ পাচ্ছেন। এটা শিক্ষার স্বার্থের পরিপন্থী। উচ্চ শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে কোন বিষয়ের গুরুত্বকে খাটো করে দেখার অবকাশ নেই। সুযোগ সম্প্রসারিত হলে প্রতিটি বিষয়ে উচ্চতর কোর্সে অধ্যয়ন অনুরাগী শিক্ষার্থীর আদৌ অভাব হবে না। আশা করি জাতীয় বিশ্ববিদ্যালয় ও শিক্ষা বিভাগ বিষয়টির গুরুত্ব উপলব্ধি করে এ ব্যাপারে একটি সুষম ও বৈষম্যহীন নীতিমালা নির্ধারণ করবেন এবং এই সঙ্গে কতিপয় নির্বাচিত বিশ্ববিদ্যালয়ে কলেজে সকল বিষয়ে সম্মান ও স্নাতকোত্তর কোর্স চালু করে বিশ্ববিদ্যালয় থেকে ভর্তির চাপ নিরসন ও সীমিত আয়ের পরিবারের ছেলে মেয়েদের উচ্চ শিক্ষা গ্রহণের সুযেগা সৃষ্টি করবেন।

এ এম মজিবুর রহমান
সহযোগী অধ্যাপক
ইসলামের ইতিহাস
আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ।